**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**20 JULY 2025** **7:45 PM**

==========================================================================

১। সংসদের বর্ষাকালীন অধিবেশনের পূর্বে আজ নতুনদিল্লীতে সর্বদলীয় বৈঠক ।

২। রাজ্যের দুগ্ধ প্রক্রিয়াকরণ প্রকল্পে দুগ্ধ সরবরাহ করা গো-পালকদের ভতুর্কি প্রদান কার্যসূচীর আজ সূচনা ।

৩। বিচারপতি আশুতোষ কুমারের আগামীকাল গৌহাটী হাইকোর্টের মুখ্য বিচারপতি হিসেবে শপথ গ্রহণ ।

৪। ছত্তিশগড়ের রায়পুরে অনুষ্ঠিত সিনিয়রস এন্ড মাস্টার্স কিক-বক্সিং চেম্পিয়নশিপে আসামের সোণেশ্বর বরার ব্রঞ্জ পদক অর্জন ।

---

সংসদের বর্ষাকালীন অধিবেশনের পূর্বে আজ নতুনদিল্লীর সংসদ ভবনে এক সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়েছে ।বৈঠকে সরকার সংসদের উভয়

সভার কাজকর্ম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সব দলের সহযোগিতা কামনা করেছে ।বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রী জগত প্রকাশ নাড্ডা , সংসদীয় পরিক্রমা মন্ত্রী কীরেণ রিজিজু , সংসদীয় পরিক্রমা দপ্তরের প্রতিমন্ত্রী অর্জুন রাম মেঘাওয়াল , কংগ্রেস নেতা গৌরব গগৈ এবং প্রমোদ তিওয়ারী , এন সি পি এস পি'র সুপ্রিয়া সুলে , ডি এম কের তিরুশি শিবা এবং টি আর বালু , সমাজবাদী পার্টীর রাম গোপাল যাদব প্রমুখ অংশগ্রহণ করেন ।বৈঠকের পর কেন্দ্রীয় মন্ত্রী শ্রী রিজিজু সাংবাদিকদের জানান যে এই বৈঠক গঠনমূলক ছিল । সরকার বিরোধি দলগুলোকে সংসদের কাজকর্ম সুষ্ঠুভাবে চালিয়ে নিয়ে যাওয়ার বিষয়টি সুনিশ্চিত করতে অনুরোধ জানিয়েছে বলে শ্রী রিজিজু জানান । উল্লেখ্য আগামীকাল থেকে সংসদের বর্ষাকালীন অধিবেশন শুরু হচ্ছে এবং এই অধিবেশন আগামী ২১ শে আগষ্ট পর্যন্ত চলবে । অধিবেশনে মোট ২১ দিন বৈঠক অনুষ্ঠিত হবে ।এই অধিবেশনে জনবিশ্বাস সংশোধনী ব্যবস্থা বিল ২০২৫ , জাতীয় ক্রীড়া পরিচালনা বিল ২০২৫ , ব্যবসায়িক জাহাজ চলাচল বিল ২০২৫ সহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ বিল উত্থাপন করা হবে ।

---

রাজ্যের দুগ্ধ প্রক্রিয়াকরণ প্রকল্পে দুগ্ধ সরবরাহ করা গো-পালকদের ভর্তুকি প্রদান কার্যসূচীর আজ সূচনা করা হয়েছে । গৌহাটীর পাঞ্জাবারীর শ্রীমন্ত শঙ্করদেব আর্ন্তজাতিক প্রেক্ষাগৃহে এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা মূখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । এছাড়া পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল ও সমবায় মন্ত্রী যোগেন মোহন উপস্থিত ছিলেন । উল্লেখ্য দুগ্ধ প্রক্রিয়াকরণ প্রকল্পে দুগ্ধ সরবরাহ করা গো-পালকদের ভর্তুকি প্রদানের এই প্রকল্পের প্রথম পর্যায়ে

৫৪২ টি দুগ্ধ সমবায় সমিতি এবং ১৯ হাজার ৩০ জন দুগ্ধ উৎপাদক উপকৃত হবে । রাজ্য সরকার দুগ্ধ খন্ডের উন্নয়নের জন্য বেশকিছু পদক্ষেপ গ্রহণ করেছে । আসাম দুগ্ধ উন্নয়ন পরিকল্পনার অধীনে দৈনিক ১০ লক্ষ লিটার দুগ্ধ প্রক্রিয়াকরণের জন্য রাজ্য সরকার এবং জাতীয় দুগ্ধ উন্নয়ন পর্ষদের যৌথ অংশীদারিত্বে এন ই ডি এফ এল নামের একটি কোম্পানীর পঞ্জীয়ন করা হয়েছে । যোরহাট ও ডিব্রুগড়ে প্রতিদিন এক লক্ষ লিটার এবং ধেমাজীতে প্রতিদিন ৫০ হাজার লিটারের তিনটি বৃহৎ দুগ্ধ প্রক্রিয়াকরণ স্থাপনের জন্য এই প্রতিষ্ঠানটিকে জমি ও প্রারম্ভিক কাজকর্মের জন্য তিন কোটি টাকার বরাদ্দ দেওয়া হয়েছে । এছাড়া বীজ অর্থ প্রকল্পের অধীনে ১৪৪ টি দুগ্ধ-সমবায় সমিতির গো-পালককে সহায়তা প্রদান সহ স্থানীয়ভাবে গঠন করা ১৫ টি এধরণের সমিতিকে যাবতীয় সামগ্রী প্রদান করা হয়েছে ।

---

জাগীরোড এবং গুজরাটের সেমিকনডাক্টর প্রকল্পে চিপস উৎপাদন করার জন্য টাটা ইলেক্ট্রনিকস জার্মান ইঞ্জিনিয়ারিং কোম্পানী রবার্ট রস জি এম বি এইচের সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছে । এই সহযোগীতা চুক্তির ভিত্তিতে টাটা ইলেক্ট্রনিকসের সঙ্গে কোম্পানীটি আসাম ও গুজরাটে স্থাপন হওয়া সেমিকন্ডাক্টরের শিল্পে পেকেজিং এবং উৎপাদন ছাড়াও যন্ত্রাংশের একত্রিকরণ ও পরীক্ষণ শিল্প স্থাপন করবে । টাটা ইলেক্ট্রনিক্সের মূখ্য কার্যবাহী আধিকারিক তথা পরিচালন সঞ্চালক রণধীর ঠাকুর এবং এস কোম্পানীর কার্যবাহী উপাধ্যক্ষ ডির্ক ক্রেশ এই সমঝোতা চুক্তিতে স্বাক্ষর করেন । উল্লেখ্য জাগীরোডে টাটার উদ্যোগে সেমিকন্ডাক্টর শিল্প স্থাপনের কাজ জোর গতিতে চলছে । এটি হবে দেশের প্রথম ঘরোয়াভাবে উৎপাদিত গ্রীণফিল্ড সেমিকন্ডাক্টরের যন্ত্রাংশের একত্রিকরন ও পরীক্ষণ শিল্প ।

---

ম্যালেরিয়া রোগ প্রতিরোধ করার জন্য ভারত স্থানীয়ভাবে এড ফলসিভেক্স নামের এক প্রকার প্রতিষেধক প্রস্তুত করেছে । এই প্রতিষেধক মশার আক্রমণ থেকে বাহকজনিত রোগ সংক্রমণের ক্ষেত্রে সুরক্ষা প্রদান করবে তথা অন্য লোকের শরীরে রোগ সংক্রমণের ক্ষেত্রে বাধা দান করবে ।এই প্রতিষেধকটি ম্যালেরিয়া রোগের সংক্রমণের জন্য দায়ী দুটি সবচাইতে ঘাতক পরজীবি প্লাজমোডিয়াম ও ফলসিপারুমকে প্রতিরোধ করার জন্য বিশেষভাবে প্রস্তুত করা হয়েছে ।ভারতীয় চিকিৎসা গবেষণা পরিষদ জাতীয় প্রতিরক্ষা বিজ্ঞান প্রতিষ্ঠানের জৈব প্রযুক্তি বিভাগের সহযোগিতায় এই প্রতিষেধকটি প্রস্তুত করেছে ।

---

পাটনা হাইকোর্টের বিচারপতি আশুতোষ কুমার আগামীকাল গৌহাটী হাইকোর্টের মূখ্য বিচারপতি হিসেবে শপথগ্রহণ করবেন । রাজ্যপাল লক্ষণপ্রসাদ আচার্য আগামীকাল সকাল ১০ টায় গৌহাটীর শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রে আয়োজিত এক অনুষ্ঠানে তাঁকে পদ ও গোপনীয়তার শপথবাক্য পাঠ করাবেন । । কেন্দ্রীয় সরকার গত ১৪ জুলাই বিচারপতি আশুতোষ কুমারকে গৌহাটী হাইকোর্টের মূখ্য বিচারপতি হিসেবে নিযুক্তি দিয়েছিলো ।

---

ছত্তিশগড়ের রায়পুরে অনুষ্ঠিত সিনিয়রস এন্ড মাস্টার্স কিক-বক্সিং চ্যাম্পিয়নশিপে আসামের সোনেশ্বর বরা ব্রোঞ্জের পদক অর্জন করেছেন । আসাম পুলিশে কর্মরত সোনেশ্বর বরা৯৪ কিলোগ্রাম শাখায় এই পদক লাভ করেন । উল্লেক্য ২০১৮ সালে আর্ন্তজাতিক কিক-বক্সিং প্রতিযোগীতায়ও তিনি পদক জয় করেছিলেন ।

---

---

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে শিলচর শহরের নাগরিক জীবনে সুশৃংখলা ফেরাতে ও নাগরিক সুবিধা প্রদানের লক্ষ্যে গতকাল শিলচরে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে এক সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে আয়োজিত সভায় বর্ষার মরশুমে শহরের বিভিন্ন সমস্যা সমাধানের রূপরেখা নিয়ে আলোচনা করা হয়েছে । বৈঠকে জেলা আয়ুক্ত শ্রীযাদব বলেন যে শহরের প্রতিটি মানুষ যেন সুষ্ঠ ও সাচ্ছন্দপূর্ন নাগরিক জীবন উপভোগ করতে পারেন , সেটি প্রশাসনের মূল লক্ষ্য ।এর জন্য সময়মতো পরিকল্পনা , সক্রিয়তা ও সমস্ত বিভাগের মধ্যে নিখূত সমন্বয় প্রয়োজন বলে তিনি জানান । এক্ষেত্রে প্রশাসনের পক্ষ থেকে কোন খামতি রাখা হবে না বলেও তিনি উল্লে করেন ।
সভায় পৌর নিগমের আয়ুক্ত সৃষ্টি সিং বলেন বর্ষার আগে শহরকে রক্ষা করতে হলে সঠিক সময়ে নালা নর্দমা পরিস্কার করার প্রয়োজন রয়েছে । নাগরিকদের পরিচ্ছন্ন , স্বাস্থ্যকর ও উন্নত শিলচর গড়ে তুলতে প্রশাসন সর্বদা প্রস্তুত রয়েছে বলে তিনি জানান ।

---

এদিকে শিলচর শহরকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে পৌর নিগমের উদ্যোগে গতকাল সকালে ইটখলা বাজারে আচমকা অভিযান চালিয়ে সড়কের পাশে নোংরা ফেলে যারা পরিবেশ নষ্ট করে তাদের সর্তক করা হয় । পৌরসভার পক্ষ থেকে স্থানীয় বাসিন্দা যারা বর্জ্য ফেলেন , তাদের হাতে নোটিশ ধরিয়ে ,ফের এধরনের কাজ করলে দু হাজার টাকার জরিমানা আদায় করা হবে বলে সর্তক করা হয়েছে । অভিযানের নেতৃত্বে থাকা আয়ুক্ত সৃষ্টি সিং জানান যে নিজেদের ঘর-বাড়ীকে পরিষ্কার রাখতে পারলে , নিজের

শহরকেও পরিষ্কার রাখতে হবে । শ্রীমতি সিং আরো বলেন , সড়ক সবার , দায়িত্ব নিয়ে চলতে হবে এবং শহরকে ভালবাসতে হবে ।

---

হাইলাকান্দি জেলার আলগাপুরের বিধায়ক নিজামুদ্দিন চৌধুরী গতকাল সন্ধ্যায় আলগাপুর মডেল হাসপাতালে অত্যাধুনিক এক্স-রে পরিষেবার উদ্বোধন করেন । উদ্বোধনী অনুষ্ঠানে জেলার স্বাস্থ্য বিভাগের যুগ্ম-সঞ্চালক ডক্টর রাজীব রঞ্জন গগৈ , জেলা পরিষদ সদস্য আপ্তাব উদ্দিন লস্কর , স্বাস্থ্য বিভাগের দায়িত্বপ্রাপ্ত আয়ুক্ত লাইরহলু খেনতে প্রমূখ উপস্থিত ছিলেন ।

এই নতুন এক্স-রে পরিষেবায় প্রতিদিন দুশ থেকে দুশ ৫০ জন রোগীর এক্স-রে করা যাবে । উল্লেখ্য স্থানীয় জনগন দীর্ঘ দিন থেকে আলগাপুর মডেল হাসপাতালে অত্যাধুনিক এক্স-রে পরিষেবা শুরু করার দাবী জানিয়ে আসছিলেন ।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক শ্রী চৌধুরী জানান ----**বাইট**

---

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতি ও সোনাবাড়ীঘাট আঞ্চলিক সমিতির যৌথ উদ্যোগে আজ সোনাবাড়ীঘাটে বিশিষ্ট সাংবাদিক তথা বরাক বঙ্গের প্রতিষ্ঠাতা সদস্য তাজ উদ্দিন বড়ভুইয়ার প্রথম মৃত্যু বার্ষিকীতে তাঁকে স্মরণ করা হয়েছে । আঞ্চলিক সমিতির সভাপতি মজনুল হক মজুমদারের পৌরহিত্যে আয়োজিত সভায় প্রয়াত তাজ উদ্দিন বড়ভুইয়ার রাজনৈতিক , সাংবাদিকতা ও সংগ্রামী জীবনের বিভিন্ন দিক নিয়ে বরাক বঙ্গের কেন্দ্রীয় সমিতির সহ-সভাপতি মিলন উদ্দিন লস্কর , প্রাক্তন অধ্যক্ষ আইনুল হক মজুমদার , কেন্দ্রীয়

সমিতির কার্য্যলয় সম্পাদক পরিতোষ দে , সোনাই এম সি ডি কলেজের উপাধ্যক্ষ আব্দুল মতিন লস্কর প্রমূখ বক্তব্য রাখেন ।

---

লায়ন্স ক্লাব অব ভ্যালি ভিউ-এর উদ্যোগে সমাজের বঞ্চিত শিশুদের নিয়ে আজ শিলচর উদয়ন সংঘ ক্লাবের মাঠে গ্রীষ্মকালীন শিবির অনুষ্ঠিত হয়েছে । আজকের শিবিরে প্রায় ৮৫ জন শিশু উৎসাহ-উদ্দীপনায় গান ,আবৃত্তি সহ্ বিভিন্ন খেলাধূলা ও প্রতিযোগীতায় অংশগ্রহন করে ।

---

---